গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

এবং

সচিব, স্থানীয় সরকার বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ – জুন ৩০, ২০১৭

# সূচিপত্র

এলজিইডি’র কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................ ৩

উপক্রমনিকা ........................................................................................................ ৪

সেকশন ১ এলজিইডি’র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি . ৫

সেকশন ২ এলজিইডি’র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)...................... ৬

সেকশন ৩ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .................. ৭

সংযোজনী ১ শব্দসংক্ষেপ ( Acronyms) ........................................................................ ১২

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি ....................................... ১৩

সংযোজনী-৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা... ১৫

# এলজিইডি'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of LGED)**

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

## সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালী করা স্থানীয় সরকার বিভাগের এবং এলজিইডি'র একটি গুরুত্বত্বপূর্ণ দায়িত্ব। গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের জন্য বিগত ৩ বছরে গ্রাম এলাকায় ১৭,২৮৯ কিলোমিটার সড়ক নির্মাণ, ২৯,৬০৮ কিলোমিটার সড়ক রক্ষণাবেক্ষণ এবং ৭৯,৫৩৪ মিটার ব্রীজ/কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে। গ্রামীণ এলাকার ব্যবসা বাণিজ্যের উন্নয়ন এর জন্য ৪৮১টি গ্রোথসেন্টার উন্নয়ন/ গ্রামীণ হাট/ বাজার উন্নয়ন করা হয়েছে। প্রাকৃতিক দুর্যোগ হতে রক্ষাকল্পে ২৩৬টি ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হয়েছে। যানবাহন ও পথচারী চলাচলের সুবিধার জন্য ২,২৩৩ কিলোমিটার রাস্তা ও ফুটপাত নির্মাণ/পুনঃনির্মাণ ও রক্ষণাবেক্ষণ এবং জলাবদ্ধতা নিরসনে ৬৬৫ কিলোমিটার ড্রেন নির্মাণ করা হয়েছে। ৫০৩টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ, ১০০টি উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ/সম্প্রসারণ করা হয়েছে। অবকাঠামো উন্নয়নের পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত জনপ্রতিনিধি, কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকল্পের আওতায় ২৪,০০০ জনকে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় অর্থায়ন, ক্রমবর্ধমান নগর জনগোষ্ঠীকে প্রয়োজনীয় সেবা প্রদান, সকল পর্যায়ে তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহি সংহতকরণ।

## ভবিষ্যৎ পরিকল্পনা

পল্লী ও শহর এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য রাস্তা, ব্রিজ-কালভার্ট, ড্রেন, ফুটপাত নির্মাণ ও রক্ষণাবেক্ষণের পাশাপাশি গুণগত মান উন্নয়নে অধিক গুরুত্ব দেয়া হবে। প্রয়োজনীয় এবং উপযুক্ত ক্ষেত্রে বিসিসি রাস্তার পরিবর্তে আরসিসি ও সিসি রাস্তা করাসহ যানজট নিরসনের জন্য অধিক সংখ্যক আন্ডারপাস/ওভারপাস নির্মাণ করা হবে।

## ২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ৫২০০ কিঃমিঃ কাচা সড়ক পাকাকরণ;
- ১০,২০০ কিঃমিঃ পাকা সড়ক রক্ষণাবেক্ষণ;
- ৩,০০০ মিটার ব্রিজ/কালভার্ট মেরামত/রক্ষণাবেক্ষণ;
- ১৪০ টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন ও ৪০টি উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ;
- ১৭৫টি হাট-বাজার উন্নয়ন ও ৯০টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ/পুনর্বাসন;
- রাজধানী ঢাকায় ৮.৭০ কিলোমিটার দৈর্ঘ্যের একটি ৪-লেন বিশিষ্ট ফ্লাইওভারের অবশিষ্ট ৫.৭ কিঃমিঃ বর্তমান অর্থবছরেই সম্পন্ন হবে।

## উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

এবং

সচিব, স্থানীয় সরকার বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন।

সেকশন ১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

## ১.১ রূপকল্প (Vision):

পল্লী ও শহর অঞ্চলের পরিকল্পিত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন।

## ১.২ অভিলক্ষ্য (Mission)

স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ, গ্রাম ও নগরের অবকাঠামো উন্নয়ন এবং আর্থ-সামাজিক কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

### ১.৩.১ এলজিইডি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পল্লী এলাকার অবকাঠামো উন্নয়ন

২. পল্লী এলাকার নির্মিত অবকাঠামোর সংরক্ষণ

৩. পরিকল্পিত পরিবেশ বান্ধব নগর উন্নয়ন

৪. নাগরিক সুবিধার উন্নয়ন

৫. স্থানীয় পর্যায়ে সুশাসন সংহতকরণ

৬. ক্ষুদ্রাকার সেচ কাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ

### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

## ১.৪ কার্যাবলি (Functions)

১. পল্লী ও নগর অঞ্চলে অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষন।

২. ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষন।

৩. বিভিন্ন মন্ত্রণালয়ের অবকাঠামো উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন ও পরিবীক্ষন।

৪. ইউনিয়ন, উপজেলা ও পৌরসভা প্লানবুক, ম্যাপিং ও সড়ক এবং সামাজিক অবকাঠামোর ডাটাবেজ সংরক্ষরণ।

৫. ডিজাইন ও অন্যান্য কারিগরি মডেল, ম্যানুয়াল ও স্পেসিফিকেশন প্রণয়ন।

৬. এলজিইডি'র কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি।

৭. জনপ্রতিনিধি, উপকারভোগী, ঠিকাদার ও চুক্তিবদ্ধ শ্রমিকদলসমূহের সংশ্লিষ্ট উন্নয়ন কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান।

৮. গ্রোথ সেন্টার/হাট-বাজার উন্নয়নের পরিকল্পনা প্রণয়ন বাস্তবায়ন ও পরিবীক্ষণ।

৯. ইউনিয়ন, উপজেলা, জেলা পরিষদ ও পৌরসভাকে কারিগরি সহায়তা প্রদান।

১০. পল্লী অবকাঠামো রক্ষণাবেক্ষন।

সেকশন ২

এলজিইডি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সুচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-২০১ | ২০১৫-২০১৬ | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| ১ | ২ | ৩ | ৭ | ৮ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কাঁচা সড়ক পাকা করণের কভারেজ বৃদ্ধি (মোট সড়ক ৩.২১ লক্ষ নেটওয়ার্ক) ** | কভারেজ | % | ৩২.০৯ | ৩৪.০১ | ৩২.৫০ ** | ৩৩.৯৫ | ৩৫.৫১ | | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| পাকা সড়ক রক্ষণাবেক্ষণের কভারেজ বৃদ্ধি (গ্রামীণ সড়ক নেটওয়ার্ক) | পাকা সড়কের রক্ষণাবেক্ষণ কভারেজ | শতকরা হার | ১০.৯২ | ১২.৫০ | ১৫.০০ | ১৭.৫০ | ২০.০০ | | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| কর্মসংস্থান সৃষ্টি | সৃষ্ট কর্মসংস্থান | লক্ষ জনদিবস | ৫৯৬.০০ | ৬৫০.০০ | ৬৬০.০০ | ৬৬৫.০০ | ৬৭০.০০ | | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

** রোড ইনভেনটরী হালনাগাদ করার ফলে এলজিইডি'র আওতাধীন মোট সড়কের পরিমাণ ৩.০৩ লক্ষ থেকে ৩.২১ লক্ষ কিঃমিঃ এ বৃদ্ধি পাওয়াতে পাকা করণের কভারেজ ২০১৫-১৬ অর্থবছরে ৩৪.০১%। কিন্তু সড়কের পরিমাণ বৃদ্ধির জন্য ২০১৬-১৭ অর্থবছরে ৩২.৫% এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ (Target/Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-২০১৮ | প্রক্ষেপন (Projection) ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [১] পল্লী এলাকার অবকাঠামো উন্নয়ন | ৩৯ | [১.১] কাঁচা সড়ক পাকাকরণ | [১.১.১] নির্মিত পাকা সড়ক | কিঃমিঃ | ১০.০০ | ৫৯৯০ | ৪৮১৩ | ৫২০০ | ৫০৮৭ | ৪৯৭৪ | ৪৮৬১ | ৪৭৫০ | ৫২৫০ | ৫৩০০ |
| | | [১.২] পাকা সড়কে ব্রিজ, কালভার্ট নির্মাণ | [১.২.১] নির্মিত ব্রিজ/ কালভার্ট | মিঃ | ৬.০০ | ২৯০০০ | ২৭০৫০ | ২৯০০০ | ২৮৫০০ | ২৮০০০ | ২৭৫০০ | ২৭০০০ | ২৯৫০০ | ৩০০০০ |
| | | [১.৩] হাট-বাজার এবং গ্রোথ সেন্টার উন্নয়ন | [১.৩.১] উন্নীত হাট বাজার/গ্রোথ সেন্টার | সংখ্যা | ৩.০০ | ১৮০ | ১৬৮ | ১৭৫ | ১৭২ | ১৬৯ | ১৬৭ | ১৬৫ | ১৮০ | ১৮৫ |
| | | [১.৪] বহুমূখী সাইক্লোন শেল্টার নির্মাণ | [১.৪.১] নির্মিত সাইক্লোন শেল্টার | সংখ্যা | ৬.০০ | ৬৬ | ৬৯ | ৯০ | ৮৪ | ৭৮ | ৭২ | ৬৬ | ৯৫ | ১০০ |
| | | [১.৫] উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ | [১.৫.১] নির্মিত উপজেলা কমপ্লেক্স ভবন | সংখ্যা | ৪.০০ | ৪৫ | ৩৮ | ৪০ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৩৫ | ৫৫ | ৬০ |
| | | [১.৬] ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স নির্মাণ | [১.৬.১] নির্মিত ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন | সংখ্যা | ৪.০০ | ২৩০ | ১৮০ | *১৪০ | ১২৬ | ১১২ | ৯৮ | ৮৪ | ১৫০ | ১৫০ |
| | | [১.৭] পল্লী এলাকায় কর্মসংস্থান সৃষ্টি | [১.৭.১] সৃষ্ট কর্মসংস্থান | লক্ষ জনিদবস | ৬.০০ | ৬৫০ | ৭০০ | ৭৫০ | ৭২৭ | ৭০৪ | ৬৮১ | ৬৬০ | ৬৭০ | ৬৮০ |
| [২] পল্লী এলাকায় নির্মিত অবকাঠামো সংরক্ষণ | ১০ | [২.১] পাকা সড়ক রক্ষণাবেক্ষণ | [২.১.১] রক্ষণাবেক্ষণকৃত পাকা সড়ক | কিঃমিঃ | ৮.০০ | ১০৫০০ | ১০০০০ | ১০২০০ | ১০১৫০ | ১০১০০ | ১০০৫০ | ১০০০০ | ১১৫০০ | ১২০০০ |
| | | [২.২] পাকা সড়কে নির্মিত ব্রিজ/ কালভার্ট রক্ষণাবেক্ষণ | [২.২.১] রক্ষণাবেক্ষণকৃত ব্রিজ/কালভার্ট | মিঃ | ২.০০ | ২৭০০ | ২৮৫০ | ৩০০০ | ২৯৬০ | ২৯২০ | ২৮৮০ | ২৮৫০ | ২৮৫০ | ২৯০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ (Target/Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-২০১৮ | প্রক্ষেপন (Projection) ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [৩] পরিকল্পিত পরিবেশ বান্ধব নগর উন্নয়ন | ১৩ | [৩.১] ফ্লাইওভার নির্মাণ | [৩.১.১] নির্মিত ফ্লাইওভার | কিঃমিঃ | ৪.০০ | ০ | ৩ | ৫.৭০ | ৫.১৩ | ৪.৫৬ | ৩.৯৯ | ৩.৪২ | ০ | ০ |
| | | [৩.২] পৌর/নগর এলাকায় ফুটপাত নির্মাণ | [৩.২.১] নির্মিত ফুটপাত | কিঃমিঃ | ৫.০০ | ৫৪ | ১২৫ | ১৩০ | ১২৮ | ১২৭ | ১২৬ | ১২৫ | ১৪০ | ১৪৫ |
| | | [৩.৩] পৌর/নগর এলাকায় ড্রেন নির্মাণ | [৩.৩.১] নির্মিত ড্রেন | কিঃমিঃ | ৪.০০ | ৩১০ | ১১০ | ১২০ | ১১৭ | ১১৫ | ১১৩ | ১১০ | ১২০ | ১২৫ |
| [৪] নাগরিক সুবিধার উন্নয়ন | ৫ | [৪.১] পৌর/নগর এলাকায় সড়ক উন্নয়ন/ নির্মাণ | [৪.১.১] নির্মিত পৌর/নগর সড়ক | কিঃমিঃ | ৫.০০ | ৭৪৬ | ৭০০ | ৭১৫ | ৭১১ | ৭০৭ | ৭০৪ | ৭০০ | ৭৫০ | ৭৮০ |
| [৫] স্থানীয় পর্যায়ে সুশাসন সংহতকরণ | ৫ | [৫.১] অফিস ব্যবস্থাপনা এবং বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প পরিদর্শন | [৫.১.১] পরিদর্শনকৃত অফিস ও প্রকল্প | সংখ্যা | ৫.০০ | ২৩০০ | ২৩৮০ | ২৪০০ | ২৩৯৫ | ২৩৯০ | ২৩৮৫ | ২৩৮০ | ২৪৫০ | ২৫০০ |
| [৬] ক্ষুদ্রাকার সেচ কাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ | ৮ | [৬.১] সেচ খাল খনন ও পুনঃখনন | [৬.১.১] খননকৃত সেচ খাল | কিঃমিঃ | ২.০০ | ৯৫২ | ৭১০ | **৪৯০ | ৪৪১ | ৩৯২ | ৩৪৩ | ২৯৪ | ০ | ০ |
| | | [৬.২] বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ | [৬.২.১] নির্মিত বাঁধ | কিঃমিঃ | ৩.০০ | ৫৪০ | ৪২০ | **৩৬ | ৩২ | ২৯ | ২৫ | ২২ | ০ | ০ |
| | | [৬.৩] বন্যা ব্যবস্থাপনার উদ্দেশ্যে রেগুলেটর/ বাঁধ/ক্রসড্যাম নির্মাণ | [৬.৩.১] নির্মিত রেগুলেটর/ বাঁধ/ ক্রসড্যাম | সংখ্যা | ৩.০০ | ২৩০ | ১৮৫ | **১৪৫ | ১৩১ | ১১৬ | ১০২ | ৮৭ | ০ | ০ |

# এলজিইডি'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭ (Target Value -2016-17) | | | | |
| | | | | | | অসাধারণ ( Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান ( Fair ) | চলতিমানের নিম্নে ( Poor ) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৬-১৭ অর্থবছরে খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | | | | |
| | | ২০১৫-১৬ অর্থবছরে খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থবছরে খসড়া বার্ষিক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থবছরে খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারি | ২৩ জানুয়ারি | ২৪ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ২৬ জানুয়ারি |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদন প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | – | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭ (Target Value -2016-17) | | | | |
| **কৌশলগত উদ্দেশ্য** (Strategic Objectives) | **কৌশলগত উদ্দেশ্যের মান** (Weight of Strategic Objectives) | **কার্যক্রম** (Activities) | **কর্মসম্পাদন সুচক** (Performance Indicator) | **একক** (Unit) | **কর্মসম্পাদন সূচকের মান** (Weight of PI) | অসাধারণ ( Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান ( Fair ) | চলতিমানের নিম্নে ( Poor ) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | – | – |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টেবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারি | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সেবা প্রক্রিয়া উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | | কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ আপেক্ষাগার (Waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ আপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, স্থানীয় সরকার বিভাগের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ, মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

............................................ ............................................

প্রধান প্রকৌশলী তারিখ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

............................................ ............................................

সচিব তারিখ

স্থানীয় সরকার বিভাগ

সংযোজনী-১

শব্দসংক্ষেপ **(Acronyms)**

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ **(Acronyms)** | বিবরণ |
|---|---|---|
| ১ | সিসি | সিটি কর্পোরেশন |
| ২ | এডিপি | এ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৩ | এলজিডি | লোকাল গভর্ণমেন্ট ডিভিশন |
| ৪ | এলজিইডি | লোকাল গভর্ণমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপাটমেন্ট |
| ৫ | এলজিএসপি | লোকাল গভর্ণমেন্ট সাপোট প্রজেক্ট |
| ৬ | সওজ | সড়ক ও জনপথ |
| ৭ | ডিপিএইচই | ডিপাটমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ৮ | ওয়াসা | ওয়াটার এন্ড সুয়ারেজ সাপ্লাই অথরিটি |
| ৯ | এনআইএলজি | ন্যাশনাল ইন্সটিটিউট অব লোকাল গভণমেন্ট |
| ১০ | মিঃ | মিটার |
| ১১ | কিঃমিঃ | কিলোমিটার |
| ১২ | এলজিআই | লোকাল গভণমেন্ট ইন্সটিটিউট |

## সংযোজনী-২: কমসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রঃ নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] কাঁচা সড়ক পাকাকরণ | [১.১.১] নির্মিত পাকা সড়ক | স্থানীয় সরকার বিভাগ উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কের মোট ৩.২১ লক্ষ কিঃমিঃ সড়ক নেটওয়ার্কের মধ্য হতে কাঁচা সড়ক পাকাকরণের কাজ। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ২ | [১.২] পাকা সড়কে ব্রিজ, কালভার্ট নির্মাণ | [১.২.১] নির্মিত ব্রিজ/ কালভার্ট | উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কের মোট ৩.২১ লক্ষ কিঃমিঃ সড়ক নেটওয়ার্কের মধ্য হতে প্রয়োজনীয় স্থানে ব্রিজ/কালভার্ট নির্মাণ কাজ। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | [১.৩] হাট-বাজার এবং গ্রোথ সেন্টার উন্নয়ন | [১.৩.১] উন্নীত হাট বাজার/গ্রোথ সেন্টার | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে অবস্থিত হাট-বাজার/গ্রোথ সেন্টারের অবকাঠামোগত উন্নয়ন। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ৪ | [১.৪] বহুমূখী সাইক্লোন শেন্টার নির্মাণ | [১.৪.১] নির্মিত সাইক্লোন শেন্টার | ঘুর্ণিঝড়/বন্যাপ্রবণ এলাকায় বহুমুখী অশ্রয়কেন্দ্র নির্মাণ। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ৫ | [১.৫] উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ | [১.৫.১] নির্মিত উপজেলা কমপ্লেক্স ভবন | উপজেলা পরিষদের অধীন সকল সরকারী অফিসের জন্য উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ৬ | [১.৬] ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স নির্মাণ | [১.৬.১] নির্মিত ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন | *ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স নির্মাণ প্রকল্পটির মেয়াদ জুন ২০১৭। একই ধরণের নতুন প্রকল্প যুক্ত না হওয়ায় ২০১৬-১৭ অর্থবছরে লক্ষমাত্রা হ্রাস পেয়েছে। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ৭ | [১.৭] পল্লী এলাকায় কর্মসংস্থান সৃষ্টি | [১.৭.১] সৃষ্ট কর্মসংস্থান | গ্রামীণ এলাকায় রাস্তা মেরামত, রক্ষণাবেক্ষণ, রাস্তার পাশে বনায়ন ও অন্যান্য প্রকল্পে সাময়িক কমসংস্থানের সুযোগ বিশেষতঃ গ্রামীণ নারীদের। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ৮ | [২.১] পাকা সড়ক রক্ষণাবেক্ষণ | [২.১.১] রক্ষণাবেক্ষণকৃত পাকা সড়ক | এলজিইডি'র মাধ্যমে উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কের মোট ৩.২১ লক্ষ কিঃমিঃ সড়ক নেটওয়ার্কের মধ্য হতে উন্নীত সড়ক রক্ষণাবেক্ষণ। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ৯ | [২.২] পাকা সড়কে নির্মিত ব্রিজ/ কালভার্ট রক্ষণাবেক্ষণ | [২.২.১] রক্ষণাবেক্ষণকৃত ব্রিজ/কালভার্ট | এলজিইডি'র মাধ্যমে উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কের মোট ৩.২১ লক্ষ কিঃমিঃ সড়ক | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |

| ক্রঃ নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | নেটওয়ার্কের মধ্য হতে কাঁচা/পাকা সড়কে নির্মিত ব্রিজ/কালভাট নির্মাণ/ রক্ষণাবেক্ষণ। | | | |
| ১০ | [৩.১] ফ্লাইওভার নির্মাণ | [৩.১.১] নির্মিত ফ্লাইওভার | শহর এলাকায় যানজট নিরসনকল্পে ফ্লাইওভার নির্মাণের কাজ। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১১ | [৩.২] পৌর/নগর এলাকায় ফুটপাত নির্মাণ | [৩.২.১] নির্মিত ফুটপাত | পথচারীদের চলাচলের জন্য রাস্তার দু'পাশে ফুটপাথ নির্মাণ। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১২ | [৩.৩] পৌর/নগর এলাকায় ড্রেন নির্মাণ | [৩.৩.১] নির্মিত ড্রেন | শহর এলাকার ময়লা পানি ও তরল বজ্য নিগমনের জন্য ড্রেন নির্মাণ। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১৩ | [৪.১] পৌর/নগর এলাকায় সড়ক উন্নয়ন/ নির্মাণ | [৪.১.১] নির্মিত পৌর/নগর সড়ক | পৌরসভা ও নগর এলাকায় সড়ক নির্মাণ। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১৪ | [৫.১] অফিস ব্যবস্থাপনা এবং বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প পরিদর্শন | [৫.১.১] পরিদর্শনকৃত অফিস ও প্রকল্প | এলজিইডি'র আওতাধীন বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং এর অফিস ব্যবস্থাপনা পরিদর্শন কাযক্রম। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১৫ | [৬.১] সেচ খাল খনন ও পুনঃখনন | [৬.১.১] খননকৃত সেচ খাল | **প্রধান দুটি প্রকল্পের মধ্যে একটি প্রকল্প জুন ২০১৬ তে সমাপ্ত হবে। এজন্য ২০১৬-১৭ অর্থবছরে এলজিইডিতে একটি প্রকল্প চলমান থাকায় লক্ষমাত্রা হ্রাস পেয়েছে। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১৬ | [৬.২] বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ | [৬.২.১] নির্মিত বাঁধ | **প্রধান দুটি প্রকল্পের মধ্যে একটি প্রকল্প জুন ২০১৬ তে সমাপ্ত হবে। এজন্য ২০১৬-১৭ অর্থবছরে এলজিইডিতে একটি প্রকল্প চলমান থাকায় লক্ষমাত্রা হ্রাস পেয়েছে। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১৭ | [৬.৩] বন্যা ব্যবস্থাপনার উদ্দেশ্যে রেগুলেটর/ বাঁধ/ক্রসড্যাম নির্মাণ | [৬.৩.১] নির্মিত রেগুলেটর/ বাঁধ/ ক্রসড্যাম | **প্রধান দুটি প্রকল্পের মধ্যে একটি প্রকল্প জুন ২০১৬ তে সমাপ্ত হবে। এজন্য ২০১৬-১৭ অর্থবছরে এলজিইডিতে একটি প্রকল্প চলমান থাকায় লক্ষমাত্রা হ্রাস পেয়েছে। | এলজিইডি | এলজিইডি'র বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী-৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
| --- | --- | --- | --- | --- | --- |
| অর্থ মন্ত্রণালয় | সড়ক/ব্রিজ/কালভার্ট/হাট-বাজার/গ্রোথ সেন্টার/ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন/ উপজেলা কমপ্লেক্স ভবন/সাইক্লোন শেল্টার/ড্রেন নির্মাণ/বাঁধ/রেগুলেটর/ নির্মাণ/খাল খনন/ | নির্মিত/রক্ষণাবেক্ষণকৃত সড়ক/ব্রিজ/কালভার্ট/হাট-বাজার/গ্রোথ সেন্টার/ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন/ উপজেলা কমপ্লেক্স ভবন/সাইক্লোন শেল্টার/ড্রেন নির্মাণ/বাঁধ/ রেগুলেটর/খাল/ | যথাসময়ে প্রয়োজনীয় বাজেট প্রদান | উল্লেখিত সকল অবকাঠামো নির্মাণের জন্য উপযুক্ত সময়ে প্রয়োজনীয় অর্থ প্রদানের কর্তৃপক্ষ। | উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন বাধাগ্রস্থ হবে |
| ভূমি মন্ত্রণালয় | সড়ক/ব্রিজ/কালভার্ট/ হাট-বাজার/গ্রোথ সেন্টার/ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন/ উপজেলা কমপ্লেক্স ভবন/সাইক্লোন শেল্টার/ড্রেন নির্মাণ/বাঁধ/ রেগুলেটর/ নির্মাণ/খাল খনন/ | নির্মিত/রক্ষণাবেক্ষণকৃত সড়ক/ব্রিজ/কালভার্ট/ হাট-বাজার/গ্রোথ সেন্টার/ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন/ উপজেলা কমপ্লেক্স ভবন/সাইক্লোন শেল্টার/ড্রেন নির্মাণ/বাঁধ/ রেগুলেটর/খাল/ | বিশেষক্ষেত্রে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণ প্রস্তাবের নীতিগত অনুমোদন | ভূমি অধিগ্রহণ নীতিগত অনুমোদনকারী কর্তৃপক্ষ | উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন বাধাগ্রস্থ হবে |